

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ

## প্রজ্ঞাপন

তারিখ, ২১ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/০৪ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৮৮-আইন/২০১৬।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, চট্টগ্রাম জেলার হাটহাজারী পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে হাটহাজারী উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে এতদ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথা:—

## তফসিল

ক্রমিক নং	জেলা	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	সিট নং	দাগ নং
১	২	৩	৪	৫	৬	৭
(১)	চট্টগ্রাম	৭নং হাটহাজারী সদর ইউনিয়ন	দেওয়ানগর	৩৫	৩	৭৩১৬-৮৬২৪
(২)	চট্টগ্রাম	৭নং হাটহাজারী সদর ইউনিয়ন	মধ্য পাহাড়তলী	২২	২	৬১২১-৬১২৪
					৩	৭৪৬৩
(৩)	চট্টগ্রাম	৭নং হাটহাজারী সদর ইউনিয়ন	মেখল	২৮	৩	৫৬৮৫
(৪)	চট্টগ্রাম	৭নং হাটহাজারী সদর ইউনিয়ন	জোবরা	৩৪	১	২৩৯৮

(২৫৭১)  
মূল্য : টাকা ৮.০০

২। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উপরি-উক্ত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনুর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে এবং উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপে উত্থাপিত আপত্তি তিন মাসের মধ্যে নিষ্পত্তি করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. কে. এম. আনিচুজ্জামান  
সহকারী সচিব।

---

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)]